দৈনিক ইত্তেফাক

DEC. 07 2001

তারিখ ...
পৃষ্ঠা ৩ কলাম ৪

# শিক্ষাঙ্গন সন্ত্রাসমুক্ত করার অঙ্গীকার

শিক্ষাঙ্গনকে সম্পূর্ণ সন্ত্রাসমুক্ত করা হবে বলে অঙ্গীকার ব্যক্ত করেছেন শিক্ষা প্রতিমন্ত্রী জনাব এহ্‌সানুল হক মিলন। গত বুধবার কাকলী হাইস্কুল ও মহিলা কলেজে 'শিক্ষা উন্নয়নে শিক্ষকদের ভূমিকা' শীর্ষক এক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে একথা বলেন। তিনি বলেন, শিক্ষার মান উন্নয়নে শিক্ষকদের এগিয়ে আসতে হবে। তিনি ছাত্র-ছাত্রীদের হাতে সময় মত পাঠ্যপুস্তক সরবরাহেরও আশ্বাস (১৪শ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## শিক্ষাঙ্গন সন্ত্রাসমুক্ত

(৩য় পৃঃ পর)

দেন। সেমিনারের উদ্বোধন করেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ প্রতিমন্ত্রী আমান উল্লাহ আমান এবং প্রধান বক্তা ছিলেন শিক্ষা উপমন্ত্রী আবদুস সালাম পিন্টু।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতির সভাপতি কাজী আবদুর রাজ্জাক এবং অনুষ্ঠান পরিচালনা করেন সমিতির মহাসচিব সেলিম ভুঁইয়া।

সেমিনারে শিক্ষাক্ষেত্রে সরকারী-বেসরকারী বৈষম্য দূর করারও দাবী জানানো হয়।